



Total Pages : 3

B.A./6th Sem/BNG/26(NEP)

2026

6th Semester Examination (CCFUP : NEP)

BENGALI

Paper : MJ B4-T

(Multidisciplinary Studies Major)

(উনিশ ও বিশ শতকের গদ্য ও প্রবন্ধ সাহিত্য পাঠ)

Full Marks : 60

Time : Three Hours

*The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers
in their own words as far as practicable.*

বিভাগ - ক

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 5 = 10$

- ১। 'ছতোম প্যাঁচার নকশা' গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে? এই গ্রন্থের প্রকাশকের নাম কী? ১+১
- ২। প্রাচীন কলকাতার চার প্রকার ঘোড়ায় টানা গাড়ির নাম উল্লেখ করো।
- ৩। বীরকৃষ্ণ দাঁ কোথাকার মানুষ ছিলেন? তাঁর ম্যানেজারের নাম লেখো। ১+১
- ৪। বঙ্কিমচন্দ্রের মতে কাব্য কয় প্রকার ও কী কী 'গীতিকাব্য' প্রবন্ধ অনুসরণে লেখো।

P.T.O.

- ৫। ‘বঙ্গদেশের কৃষক’ প্রবন্ধটির কয়টি অংশ ও কী কী?
- ৬। ‘জাত্যভাষা এক স্থানীয় ভাষা’ প্রবন্ধে উল্লিখিত দুটি চৈতন্যজীবনী কাব্যের নাম কবির নামসহ উল্লেখ করো।
- ৭। “উদাসীন গ্রন্থকীট” — কে কাকে বলেছেন?
- ৮। ‘রবীন্দ্রনাথ ও উত্তরসাহক’ প্রবন্ধটি কার লেখা কোন্ প্রবন্ধগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

বিভাগ - খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- ৯। ‘হুতোম পাঁচার নকশা’ গ্রন্থে বিবৃত তৎকালীন কলকাতার সমাজচিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ১০। ‘হুতোম পাঁচার নকশা’ গ্রন্থের রচনারীতির বৈশিষ্ট্যগুলি লেখো।
- ১১। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘বঙ্গালার ইতিহাস’ প্রবন্ধে অবলম্বনে বাঙালির ইতিহাস না থাকার কারণগুলি লেখো।
- ১২। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘গীতিকাব্য’ প্রবন্ধে অবলম্বনে গীতিকাব্যের সংজ্ঞা দাও এবং কীভাবে গীতিকাব্যের উদ্ভব হয়েছে তা লেখো।
- ১৩। ‘স্বভাব কবি’ সম্পর্কে বুদ্ধদেব বসুর অভিমত লেখো।
- ১৪। যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি ‘জাত্যভাষা এক স্থানীয় ভাষা’ প্রবন্ধে ‘জাত্যভাষা’ বলতে কী বুঝিয়েছেন? তিনি কোন্ অঞ্চলের ভাষাকে জাত্যভাষা বলেছেন এবং কেন বলেছেন? $২+৩$

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

- ১৫। নকশা হিসেবে ‘ছতোম প্যাঁচার নকশা’ কতখানি সার্থক তা আলোচনা করো।
- ১৬। অনুকরণ কোন্ ক্ষেত্রে গ্রহণযোগ্য এবং কোন্ ক্ষেত্রে পরিত্যজ্য তা বঙ্কিমচন্দ্রের ‘অনুকরণ’ প্রবন্ধ অবলম্বনে লেখো।
- ১৭। “শকুন্তলা অর্ধেক মিরন্দা, অর্ধেক দেসদিমোনা” — বঙ্কিমচন্দ্রের এই উক্তির আলোকে শকুন্তলা চরিত্রের বিশিষ্টতা আলোচনা করো।
- ১৮। রবীন্দ্রনাথ ঠাকুর কৌতুক হাস্যের কারণ নির্ণয়ে যেভাবে দার্শনিক দৃষ্টিভঙ্গি ও সাহিত্য রসিকের সূক্ষ্ম বোধকে তুলে ধরেছেন, তা ‘কৌতুক হাস্যের মাত্রা’ প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।
- ১৯। ‘বই পড়া’ প্রবন্ধ অবলম্বনে বই পড়ার গুরুত্ব লেখো।